মেহেরপুরে বিদ্যালয় পরিদর্শন ও অভিভাবক সমাবেশ

“গুরুতে সুযন্ত পেলে, বাড়বে শিশু বৃদ্ধি বলে”এই প্রতিপ্রাদ্যে মেহেরপুরে বিদ্যালয় পরিদর্শন ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) সকাল দশটার টার সময় মেহেরপুর বড়বাজার টি এন্ড টি রোড মন্ডল পাড়া সিটি মডেল পি ক্যাডেট স্কুল এ অনুষ্ঠানের আয়োজন করে।

মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুল সভাপতি মোঃ রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরে ছহিউদ্দিন ডিগ্রী কলেজ সাবেক অধ্যক্ষ মোঃ একরামুল আযীম।

প্রধান আলোচক ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ সাবেক সহকারী অধ্যাপক মোঃ আব্দুল মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ মোসলেম আলী, সমাজ সেবক মোঃ ইকবাল হুসাইন ।

মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুলের শিক্ষক মোঃ শাহী আযম শামীমের সঞ্চালনা আরো বক্তব্য রাখেন, মেহেরপুরে সিটি মডেল পি-ক্যাডেট স্কুলের পরিচালক মোঃ সৈয়দ মুনজুরুল হাসান টুটুল, কুলবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমজাদ হোসেন।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটি: মিল্টন আহবায়ক, কামরুল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুর সদরের পাটকেলপোতা গ্রামের ৪০ জন কৃষক নিয়ে তুলা চাষে উদ্বুদ্ধকরণ ও এর সম্প্রসারণ, তোলার বীজ বপন গাছের পরিচর্যা রোগ বালাই ও পোকামাকড় দমনে সার ও কীটনাশকের ব্যবহার এর মাত্রা নির্ণয় তুলার ফল এর বল আকৃতি থাকা কালীন সময়ে রোগ মুক্ত করণ পদ্ধতি তোলা সংগ্রহ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

উক্ত আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সেন দেবাশীষ। এছাড়াও বক্তব্য রাখেন তুলা উন্নয়ন কর্মকর্তা এস এম এজাজুল ইসলাম, বারাদী ইউনিটের কটন ইউনিট অফিসার জাকারিয়া ইকবাল।

মুজিবনগরের গড়তে ইয়ুথ পিস এ্যাম্বাসেডর গ্রুপ গঠনের সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠার লক্ষ্যে যুব সমাজকে সম্প্রীতির পথে এগিয়ে নিতে দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ (MIPS) প্রকল্পের অধীনে ইয়ুথ পিস এম্বাসেডর গ্রুপ (ওয়াই.পি.এ.জি) গঠনের জন্য একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) সকালে মুজিবনগরের পর্যটন মোটেলের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগরের পিস ফ্যাসিলিটেটর গ্রুপের সমন্বয়কারী মো: ওয়াজেদ আলী খানের সভাপতিত্বে এবং তারই সঞ্চালনায় এই সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের লক্ষ্য ও গঠনতন্ত্র নিয়ে আলোচনা করেন এমআইপিএস প্রকল্পের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ। স্বাগত বক্তব্য দেন সভার সভাপতি মো: ওয়াজেদ আলী খান, এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ফিল্ড কো-অর্ডিনেটর মো: আশরাফুজ্জামান।

সভায় পিস এম্বাসেডর হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. আবুল হাসান, শ্রমিক কল্যাণ ফেডারেশন প্রতিনিধি মো. খাইরুল বাশার, শিক্ষিকা ঝরনা খাতুন, মুজিবনগর প্রেস

ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাংবাদিক মো হাসান মোস্তাফিজুর রহমান।

এছাড়া ছাত্রদল ও অন্যান্য রাজনৈতিক দলের ছাত্র প্রতিনিধি এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ছাত্র-ছাত্রীরাও অংশগ্রহণ করেন। সকলের মতামতের ভিত্তিতে ছাত্রদলের যুগ্ন সম্পাদক মো রিয়াজ সেখকে ওয়াই.পি.এ.জি কো-অর্ডিনেটর এবং সহ-সমন্বয়কারী হিসেবে মুজিবনগর ব্লাড গ্রুপের ও পলাশি পাড়া সংগঠনের সভাপতি মোছা: মুক্তা খাতুনকে এবং নাদিম আনজুম বিন রেজাকে নির্বাচিত করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে ২০ সদস্যের ইয়ুথ পিস এম্বাসেডর গ্রুপ (ওয়াই.পি.এ.জি) কমিটি গঠন করা হয়। উপস্থিত সবাই শান্তি প্রতিষ্ঠা ও সহিংসতা প্রতিরোধে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করেন এবং শপথ গ্রহণ করেন। রাজনৈতিক, ধর্মীয় ও নৃগোষ্ঠীগত সহিংসতা নিরসনে ওয়াই.পি.এ.জি পিএফজির সাথে একযোগে কাজ করবে, মেহেরপুরের মুজিবনগর উপজেলার সকল জনগণকে সম্প্রীতির পথে এগিয়ে নেবে এই প্রতিজ্ঞায় সভা শেষ হয়।

মুজিবনগরে জাতীয়তাবাদী কৃষকদলের কৃষক সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগরে বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষে সারাদেশে ৩ মাসব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক-সমাবেশের অংশ হিসাবে মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে কৃষক-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্প্রতিবার বিকালে দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের আয়োজনে পুরন্দরপুর মোড়ে কৃষকদলের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আহম্মেদের সভাপতিত্বে উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষকদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ সাধারন সম্পাদক মফিজুর রহমান লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর জেলা কৃষকদলের আহব্বায়ক মাহাবুব রহমান, সদস্য সচিব মিজানুর রহমান।

এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা কৃষকদলের আহব্বায়ক আরমান আলী, সদস্য সচিব কুন্নত মিয়া, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক ইউনূচ আলী, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সাধারন সম্পাদক হাবিবুর রহমান, মুজিবনগর উপজেলা যুবদলের আহব্বায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির।

কৃষক সমাবেশে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়া বাংলার কৃষকদের উন্নয়নের জন্য যেসব কার্যক্রম করেছিলেন সেই সব উন্নয়ন মূলক তথ্য তুলে ধরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের লেখা একটি পত্র উপস্থিত কৃষকদের মাঝে পাঠ করে শোনানো হয়।

সেই সাথে তৃণমূলের কৃষকরা তাদের সমস্যার কথা, তারেক রহমানের কাছে পৌঁছিয়ে দেয়ার জন্য সমাবেশে তুলে ধরেন।

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ ৯ম বার্ষিক সাধারণ সভা

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ ” এই স্লোগান কে সামনে রেখে মুজিবনগরে সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি লি: ৯ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্টর অফিস এবং সু-প্রতিবেশী মহিলা সমবায় অফিস প্রাঙ্গনে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে সু প্রতিবেশী মহিলা সমবায় সমিতি এর সভাপতি রেহেনা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য শাবানা খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক, জেলা উপসহকারী নিবন্ধকক এনামুল হক, উপজেলা সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সমবায় সমিতির কো- অপারেটিভ অফিসার রিয়াজউদ্দিন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ফেসিলেটর মেহেদী হাসান, সমবায় সমিতির সম্পাদক আঞ্জুয়ারা খাতুন।

বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সমবায় সমিতির ১৫৭৩ জন সদস্য মধ্য এবং চলতি অর্থবছরের ১৪৫৮ জন সদস্যদের মাঝে বার্ষিকী হিসাব-নিকাশ লাভ লোকসান তুলে ধরেন সমিতির কোষাধ্যক্ষ নাসিমা খাতুন।

গাংনীতে ফেনসিডিলসহ স্কুল শিক্ষক আটক

মেহেরপুরের গাংনীতে ১৫ বোতল ফেনসিডিলসহ স্বপন আলী নামের এক স্কুল শিক্ষককে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) সকালে গাংনীর বামন্দী ইউনিয়নে নিশিপুর সড়কে তাকে আটক করা হয়। এসময় শিক্ষক স্বপন আলীর মোটরসাইকেল তল্লাশী করে ১৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ। আটককৃত স্বপন আলী ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও কাজীপুর গ্রামের মৃত নবীর উদ্দিনের ছেলে।

গাংনী থানা পুলিশের এএসআই কালাম বলেন, বামন্দী নিশিপুর এলাকায় ফেনসিডিল পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে নিশিপুর এলাকা থেকে ফেনসিডিলসহ তাকে আটক করা হয়। এসময় ১৫ বোতল ফেনসিডিল ও পাচার কাজে ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করা হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ বাণী ইসরাইল আটকের বিষয়টি নিশ্চিত

করে বলেন, আটককৃত স্বপন আলীকে মাদক মামলা দায়ের পূর্বক আদালতে প্রেরন করা হয়েছে।

মুজিবনগরে শিক্ষা উপকরণ বিতরণের উদ্বোধন

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে গুডনেইবারর্স এর স্পন্সর প্রাপ্ত শিশুদের মাঝে শিক্ষা উপকরণ ও খাদ্য সামগ্রী বিতরনের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১২ টার সময় গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে উপকরণ বিতরণ অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক, জেলা উপসহকারী নিবন্ধকক এনামুল হক, উপজেলা সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সু- প্রতিবেশী মহিলা সমবায় সমিতির কো- অপারেটিভ অফিসার রিয়াজউদ্দিন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ফেসিলেটর মেহেদী হাসান, সু- প্রতিবেশী মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

গুডনেইবার মেহেরপুর সিডিপি উপজেলার সুবিধাভোগী ১২১০ জন শিশু শিক্ষার্থীদের মাঝে খাতা পাঁচটি কলম পাঁচটি একটি প্লাস্টিকের বুক সেলফ ২ লিটার সয়াবিন তেল ২ কেজি আটা এবং এক কেজি মসুর ডাল প্রদান করা হবে।

পিস ফ্যাসিলিটেটর গ্রুপ গঠনের লক্ষ্যে মুজিবনগরে সভা অনুষ্ঠিত

মুজিবনগরের পর্যটন মোটেলের হলরুমে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গঠন শীর্ষক এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভাটি আয়োজন করা হয় দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের মাল্টি-স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ (MIPS) প্রকল্পের অধীনে। মুজিবনগরের শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় সম্প্রীতিপূর্ণ আচরণ ও সৌহার্দ্যপূর্ণ সমাজ গঠনের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা মো. সাবদার আলী। সঞ্চালনার দায়িত্ব পালন করেন মো. ওয়াজেদ আলি খান। সভাটি সার্বিকভাবে তত্ত্বাবধান করেন দি হাঙ্গার প্রজেক্টের ফিল্ড কো- অর্ডিনেটর মো. আশরাফুজ্জামান।

সভায় পিএফজি গঠনের প্রয়োজনীয়তা, গঠনতন্ত্র এবং কর্মপন্থা নিয়ে আলোচনা হয়। এই বিষয়ে বিশদ ব্যাখ্যা দেন দি হাঙ্গার প্রজেক্টের এরিয়া কো-অর্ডিনেটর এস.এম. রাজু জবেদ।

সভায় উপস্থিত উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. শাহিনুজ্জামান, যুবদল সভাপতি মো. আবুল হাসান, জেলা মহিলা জাতীয়তাবাদী দলের সদস্য নুরজাহান খাতুন আনজিরা, মহিলা ইউপি মেম্বার আফরোজা রোজ, যুবদলের সাবেক দপ্তর সম্পাদক দেলোয়ার হোসেন মিলন, এপিপি এডভোকেট সেলিম গাজী, শ্রমিক কল্যাণ ফেডারেশন প্রতিনিধি মো. খাইরুল বাশার, পেশ ইমাম হাফেজ মো. মতিয়ার রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ, মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজ, খ্রিষ্টান প্রতিনিধি মারিও সুশিত মন্ডল, সনাতন ধর্মের প্রতিনিধি শ্যামল কুমার, দলিত প্রতিনিধি মানু দাশ, শিক্ষক মুন্সি মো. মোকাদ্দেস হোসেন। এছাড়াও, রাজনৈতিক দলের প্রতিনিধি, ধর্মীয় নেতা, শিক্ষাবিদ, এবং সুশীল সমাজের আরও প্রতিনিধিরা সভায় অংশগ্রহণ করেন।

সভায় সবার সম্মতিক্রমে পিএফজি কো-অর্ডিনেটর নির্বাচিত হন ব্যবসায়ী ও বিশিষ্ট সমাজ কর্মী মো: ওয়াজেদ আলি খান। পিস

অ্যাম্বাসেডর হিসেবে নির্বাচিত হন বিএনপির যুবদলের সভাপতি মো: আবুল হাসান, ইউপি মেম্বার আফরোজা রোজ, শ্রমিক কল্যাণ ফেডারেশনের মো: খাইরুল বাশার এবং শিক্ষক মুন্সি মো: মোকাদ্দেস হোসেন।

সভায় উপস্থিত সকল প্রতিনিধি রাজনৈতিক, ধর্মীয় এবং জাতিগত সহিংসতা নিরসনে একযোগে কাজ করার অঙ্গীকার করেন। পিএফজি কমিটির মাধ্যমে মুজিবনগরের সাধারণ মানুষের সাথে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলারও প্রতিশ্রুতি দেওয়া হয়।

সভা শেষে সভাপতি মো. সাবদার আলী সবাইকে সম্প্রীতির মুজিবনগর গড়ে তোলার আহ্বান জানান। তিনি বলেন, দল-মত নির্বিশেষে সকলের সহযোগিতায় শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গঠন সম্ভব। এই সভা মুজিবনগরের শান্তি স্থাপনে একটি মাইলফলক হয়ে থাকবে বলে ধারণা করা হচ্ছে।

মেহেরপুরে পালিত হলো বিশ্ব পরিযায়ী পাখি দিবস

‘পোকা মাকড় রক্ষা করে পাখির জীবন’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে নিয়ে মেহেরপুরে অনুষ্ঠিত হলো বিশ্ব পরিযায়ী পাখি দিবস-২০২৪। দিবসটি উপলক্ষে আজ বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে পরিযায়ী পাখি রক্ষা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর ফাউন্ডেশনের আয়োজনে জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ।

মেহেরপুর ফাউন্ডেশনের পরিচালক নাসের চৌধুরীর সঞ্চালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক কাউসার আলী, বিএনপি নেতা আনোয়ারুল হক কালু, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, দৈনিক কালের কন্ঠ প্রতিনিধি

ইয়াদুল মোমিন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, সাংবাদিক আমিরুল অল্ডাম, হারুনর রশিদ রবি, আকতারুজ্জামান, সিদ্দিকী শাহিন, মাসুদ রানা, তোফায়েল হোসেন, পাভেল মাহমুদ, পিজেইউএস এর নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া।

বক্তারা বলেন, শীতের শুরুতে বিভিন্ন পরিযায়ী পাখির আমাদের এখানে আগমন ঘটে। পরিযায়ী পাখি অনেক দুর দুরান্ত থেকে আমাদের এলাকায় এসে পর্যটকদের আনন্দ দেয়। অতিরিক্ত শীতে পরিযায়ী পাখি নিজ এলাকায় থাকতে না পেরে আমাদের এলাকায় চলে আসে। এসকল আশ্রয়প্রার্থী পরিযায়ী পাখিদের রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব।

বক্তারা আরও বলেন, পরিযায়ী পাখি বিভিন্ন ক্ষতিকর পোকা মাকড় খেয়ে থাকে। এর ফলে আমাদের ফসল উৎপাদনও বৃদ্ধি পায়। ফসলে কীটনাশক ব্যবহার করার ফলে অনেক পরিযায়ী পাখি ফসল খেয়েও মারা যায়। এক শ্রেণির পাখি শিকারি বিভিন্ন মাধ্যমে পরিযায়ী পাখিদের হত্যা করে। আমাদের উচিত পরিযায়ী পাখি সংরক্ষনে এগিয়ে আসা।

আলোচনা সভায় সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষক, জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।